দৈনিক ইনকিলাব

৩

তারিখ 12 JAN 1989

পৃষ্ঠা 6 কলাম 1



# আল্ কুরআন

## বিছমিল্লাহির রাহমানির রাহীম

পরম করুণাময় দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

**ওয়া ক্বীলা লিল্লাজিনাত্তাক্বাউ মাজা আনযালা রাব্বুকুম; ক্বালু খাইরা; লিল্লাজিনা আহছানু ফি হাজিহিদ্ দুনইয়া হাছানাহ্; ওয়ালাদারুল্ আখিরাতি খাইর; ওয়ালা নি'মা দারুল মুত্তাক্বীন।**

(এবং যারা মুত্তাকী ছিল তাদেরকে বলা হবে, তোমাদের প্রতিপালক কি অবতীর্ণ করেছিলেন? তারা বলবে মহাকল্যাণ। যারা সৎকর্ম করে তাদের জন্য রয়েছে এই দুনিয়ায় মঙ্গল এবং আখিরাতের আবাসস্থল আরোও উৎকৃষ্ট এবং মুত্তাকীদের নিবাসস্থল কত উত্তম!)

[সূরা নহল, আয়াত ৩০, পারা-১৪, রুকু-৪]

**ওয়ালাক্বাদ ছার্‌রাফনা ফী হাজাল্ কুরআনি লিন্নাছি মিন্ কুল্লি মাছাল্; ওয়া কানাল ইনছানু আকছারা শাই-ইন্ জ্বাদালা।**

(আমি মানুষের জন্য এই কুরআনে বিভিন্ন উপমার দ্বারা আমার বাণী বিশদভাবে বর্ণনা করেছি। মানুষ অধিকাংশ ব্যাপারেই বিতর্কপ্রিয়।)

[সূরা কাহ্ফ, আয়াত-৫৪, রুকু-৮, পারা-১৫]

দয়া করে এই অংশটুকু হেফাজত করুন।